“আমরা স্বাবলম্বী হব
সকলে কর দেব”
-মাননীয় প্রধানমন্ত্রী, শেখ হাসিনা।

# উৎসে কর কর্তন সম্পর্কিত তথ্য কণিকা



## কর অঞ্চল-৬, ঢাকা

২০৯/এ, বি শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, পুরানা পল্টন, ঢাকা।
ফোন : ৫৫১১২৪০৫, ৫৫১১২৪০৬
ওয়েবসাইট : www.taxeszone6.gov.bd
ই-মেইল : info.tz6d@gmail.com

# ভূমিকা

অর্থনৈতিক উন্নয়নে আয়করের ভূমিকা অনস্বীকার্য। আয়কর আহরণের স্বীকৃত ও সহজ পদ্ধতি হল উৎসে আয়কর কর্তন/সংগ্রহ। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭ম অধ্যায়ের বিধান অনুযায়ী উৎসে আয়কর কর্তন/সংগ্রহ করা হয়। উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষের নিকট অধ্যাদেশ, বিধি, এসআরও এবং বিভিন্ন সময় জারীকৃত প্রজ্ঞাপন সংগ্রহ করে প্রতিনিয়ত হালনাগাদ থাকা সম্ভব হয় না। এছাড়া মাঠ পর্যায়ে উৎসে কর্তন/সংগ্রহের নিয়ম, সংগ্রহের হার, কর জমার কোড এবং সময়সীমা ইত্যাদি বিষয়ে নানা প্রশ্ন ও বিভ্রান্তি রয়েছে। এ সকল প্রশ্ন ও বিভ্রান্তি দূরীকরণে এবং বিষয়টি সহজীকরণের লক্ষ্যে উৎসে কর কর্তন/সংগ্রহের খাতসমূহ, সংগ্রহের হার, কর জমাদান এবং উৎস করের রিটার্ন ইত্যাদি বিষয় এই তথ্যকণিকায় সন্নিবেশ করা হয়েছে। তথ্যকণিকাটিতে সর্বশেষ ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে আনীত পরিবর্তন/সংযোজন/পরিবর্ধন পূর্বক হালনাগাদ করা হয়েছে।

কর অঞ্চল-৬, ঢাকা এর প্রত্যাশা উৎসে কর কর্তন/সংগ্রহকারী কর্তৃপক্ষ তথা এই কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন করদাতার নিকট তথ্যকণিকাটি সহায়ক হবে এবং যথাযথভাবে কর কর্তন/সংগ্রহ করে রাজস্ব আহরণে পূর্বের মতো ভূমিকা রাখবে।

## উৎসে কর কর্তন/সংগ্রহের অধিক্ষেত্র

সম্প্রতি জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ অনুযায়ী কর অঞ্চল-৬, ঢাকা এর অধিক্ষেত্রভূক্ত করদাতাগণ নিম্নোক্তভাবে তাদের উৎসে সংগৃহীত কর জমা প্রদান করবে।

- কর অঞ্চল-৬, ঢাকা এর অধিক্ষেত্রাধীন সকল করদাতা জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ নং ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.১৬(অংশ-১)/৭৫, তারিখঃ ১৭.০৮.২০১৭ খ্রিঃ অনুযায়ী আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭ম অধ্যায়ে বর্ণিত সকল ধারায় উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর কর অঞ্চল-৬, ঢাকা এর অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করবে।
- কর অঞ্চল -৬ ঢাকা এর অধিক্ষেত্রাধীন R এবং Y অদ্যাক্ষরযুক্ত কোম্পানী সমূহ (গার্মেন্টস ব্যতীত) ও K, T, I, H, R অদ্যাক্ষরযুক্ত গার্মেন্টস ব্যবসায় নিয়োজিত কোম্পানী সমূহ এবং ঢাকা জেলায় প্রধান কার্যালয় অবস্থিত সিমেন্ট কোম্পানীসমূহ ও কুরিয়ার সার্ভিস পরিচালনা ব্যবসায় নিয়োজিত কোম্পানীসমূহকে সকল ধারায় উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর কর অঞ্চল-৬, ঢাকা এর অনুকূলে জমা প্রদান করতে হবে।
- কর অঞ্চল-৬, ঢাকা এর অধিক্ষেত্রাধীন করদাতা নয় সরকারের এমন কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা Person 53EE ধারায় (ঢাকা জেলায়) উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর কর অঞ্চল-৬, ঢাকা এর অনুকূলে জমা প্রদান করবে।
- কর অঞ্চল-৬, ঢাকা এর অধিক্ষেত্রাধীন সকল করদাতা কর্তৃক উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর কেবল কর অঞ্চল-৬, ঢাকা এর অনুকূলে কোম্পানী করদাতার ক্ষেত্রে ১-১১৪১-০০২৫-০১০১ কোডে, ব্যক্তি করদাতার ক্ষেত্রে ১-১১৪১-০০২৫-০১১১ কোডে এবং অন্যান্য ফি সমূহ ১-১১৪১-০০২৫-১৮৭৬ কোডে জমা প্রদান করতে হবে।

## উৎসে আয়কর কর্তন/সংগ্রহের খাত, ধারা ও কর্তনের হার (অর্থ আইন, ২০২০ অনুযায়ী)

| ক্রঃ নং | উৎসের খাত | ধারা | উৎসে কর কর্তনের হার |
|---|---|---|---|
| ১ | বেতনাদি | ধারা-৫০ | গড় হারে |
| ২ | বাংলাদেশ ব্যাংক বিলের উপর ডিসকাউন্ট | ধারা-৫০এ | সর্বোচ্চ হারে |
| ৩ | ঠিকাদার ও সরবরাহকারীদের পরিশোধ | ধারা-৫২/বিধি-১৬ | ঠিকাদার, সরবরাহ, মেনুফেকচার, প্রসেস বা কনভার্শন, প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং এর ক্ষেত্রে<br><br>ভিত্তিমূল্য ১৫ লক্ষ টাকা পর্যন্ত------------------২%<br>ভিত্তিমূল্য ১৫ লক্ষ টাকার অধিক কিন্তু ৫০ লক্ষ টাকা পর্যন্ত-৩%<br>ভিত্তিমূল্য ৫০ লক্ষ টাকার অধিক কিন্তু ১ কোটি টাকা পর্যন্ত--৪%<br>ভিত্তিমূল্য ১ কোটি টাকার অধিক ----------------৫%<br><br>অয়েল মার্কেটিং কোম্পানির তেল সরবরাহর ক্ষেত্রে<br>পেমেন্টের পরিমান ২ লক্ষ টাকা পর্যন্ত----------- শূন্য<br>পেমেন্টের পরিমান ২ লক্ষ টাকার অধিক--------০.৬%<br><br>অয়েল মার্কেটিং কোম্পানির ডিলার বা এজেন্ট (পেট্রল পাম্প ব্যতীত) হতে তেল সরবরাহের ক্ষেত্রে<br><br>যে কোন পরিমান পেমেন্ট-----------------------১%<br><br>অয়েল রিফাইনারি কোম্পানি হতে তেল সরবরাহের ক্ষেত্রে<br>যে কোন পরিমান পেমেন্ট----------------------৩%<br><br>গ্যাস ট্রান্সমিশন কোম্পানিকে পেমেন্টের ক্ষেত্রে<br>যে কোন পরিমান পেমেন্ট----------------------৩%<br><br>গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানিকে পেমেন্টের ক্ষেত্রে<br>যে কোন পরিমান পেমেন্ট----------------------৩%<br><br>সিমেন্ট, লোহা ও লৌহজাত পণ্য (এম.এস বিলেট ব্যতীত)<br>সরবরাহের ক্ষেত্রে<br>যে কোন পরিমান পেমেন্ট----------------------৩% |
| ৪ | রয়্যালটি ইত্যাদি সহ সকল Intangibles ব্যবহার | ধারা-৫২এ | ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত -----------------১০%<br>ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকার অধিক --------------১২%<br><br>Payment এর সময় প্রাপক ১২- ডিজিট টিআইএনধারী না হলে উৎস করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশী হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | | | ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত | ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকার অধিক হলে |
| | উপদেষ্টা অথবা কনসালটেন্সি সার্ভিস | ধারা-৫২এএ | ১০% | ১২% |
| | পেশাগত সার্ভিস, কারিগরি সার্ভিসেস ফি, কারিগরি সহায়তা ফি (ডাক্তার কর্তৃক প্রদত্ত পেশাগত সার্ভিস ব্যতীত) | | ১০% | ১২% |
| | ক্যাটারিং সার্ভিস; ক্লিনিং সার্ভিস; কালেকশন এন্ড রিকভারী সার্ভিস; প্রাইভেট সিকিউরিটি সার্ভিস; জনবল সরবরাহ সার্ভিস; ক্রিয়েটিভ মিডিয়া সার্ভিস; পাবলিক রিলেশন/জনসংযোগ সার্ভিস; ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস; প্রশিক্ষণ, ওয়ার্কশপ, ইত্যাদি আয়োজন ও ব্যবস্থাপনা সার্ভিস; কুরিয়ার সার্ভিস; প্যাকেজিং এন্ড শিফটিং সার্ভিস বা অনুরূপ অন্যান্য সার্ভিস | | ১। কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর-------১০%<br>২। গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর-------১.৫% | ১। কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর --------১২%<br>২। গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপ ----------২% |
| | মিডিয়া বায়িং এজেন্সি সার্ভিস | | ১। কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর ------১০%<br>২। গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর------০.৫% | ১। কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর---------১২%<br>২। গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর-----০.৬৫% |
| | ইন্ডেন্টিং কমিশন | | ৬% | ৮% |
| | মিটিং ফিস, ট্রেনিং ফিস বা সম্মানী | | ১০% | ১২% |
| | মোবাইল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সার্ভিস ডেলিভারী এজেন্টকে প্রদেয় ফিস | | ১০% | ১২% |
| | ক্রেডিট রেটিং সার্ভিস | | ১০% | ১২% |
| | মোটর গ্যারেজ ও ওয়ার্কশপ | | ৬% | ৮% |
| | প্রাইভেট কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড সার্ভিস | | ৬% | ৮% |
| | শিপিং এজেন্সি কমিশন | | ৬% | ৮% |
| | স্টিভডরিং/বার্থ অপারেশন কমিশন | | ১০% | ১২% |
| | i) পরিবহন সার্ভিস, ক্যারিং সার্ভিস, যানবাহন রেন্টাল সার্ভিস<br>ii)রাইড শেয়ারিং সার্ভিস, coworking space providing service এবং accommodation providing service | | ৩% | ৪% |
| ৬ | শ্রমিক অংশগ্রহণ তহবিল (WPF) হতে সুবিধাভোগীকে অর্থ পরিশোধ | ধারা-৫২ডিডি | ৫% | |
| ৭ | বিমান টিকিট বিক্রয় বা কার্গো ভাড়া বাবদ ট্রাভেল এজেন্টকে প্রদত্ত কমিশন ডিসকাউন্ট, ইনসেনটিভ বোনাস | ধারা-৫২জে জে | ধারা-৫২জে জে এর বিধান অনুযায়ী | |
| ৮ | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার ইত্যাদিকে ভাড়া প্রদান | ধারা-৫২পি | ৫% | |
| ৯ | নিবাসী ব্যক্তির বাংলাদেশের কোন ব্যাংক হিসাবে কোন সেবা চার্জ বা পরামর্শ ফি বা কমিশন বা পারিশ্রমিক বা অন্য কোন ফি, যে নামেই অভিহিত হোক না কেন, বিদেশ হতে প্রেরিত অর্থ ব্যাংক হিসাবে পরিশোধ বা ক্রেডিটের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উৎসে কর কর্তন করবেন। | ধারা-৫২কিউ | ১০% | |

| | | | |
|---|---|---|---|
| | ব্যতিক্রম<br>* 6th Schedule, Part-A, Para-48 এ বর্ণিত আয়<br>** বাংলাদেশে প্রস্তুতকৃত Software রপ্তানীর ক্ষেত্রে 6th Schedule, Part-A, Para-33 এর আওতায় কর অব্যাহতিপ্রাপ্ত হলে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না। | | |
| ১০ | গৃহ সম্পত্তি | ধারা-৫৩এ | ৫% |
| ১১ | পাবলিক নিলামে পণ্য বা সম্পত্তি বিক্রয় | ধারা-৫৩সি | ৫% |
| ১২ | অনিবাসী কুরিয়ার ব্যবসার সার্ভিস চার্জের ক্ষেত্রে | ধারা-৫৩সিসিসি | ১৫% |
| ১৩ | অভিনেতা, অভিনেত্রী, প্রযোজক ইত্যাদিকে পরিশোধের ক্ষেত্রে | ধারা-৫৩ডি | ১০% |
| ১৪ | কমিশন, ডিসকাউন্ট বা ফিস | ধারা-৫৩ই | উপ ধারা / সার্ভিস/ব্যয়ের বর্ণনা / হার |
| | | | ১ / ডিস্ট্রিবিউটরকে কমিশন, ডিসকাউন্ট, ফিস, ইনসেনটিভ, পারফরমেন্স বোনাস অথবা যে কোন ধরনের পারফরমেন্স সম্পর্কিত ইনসেনটিভ অথবা এই ধরনের যে কোন প্রদেয় বা সুবিধা / ১০% |
| | | | ২ / কোম্পানী বা তার পণ্যের প্রচারের জন্য ডিস্ট্রিবিউটর বা মার্কেটিং এর সাথে সংশ্লিষ্ট ব্যক্তিকে প্রদেয় / ১.৫% |
| | | | ৩ / তেল বিক্রয় ব্যবসা ব্যতীত যে কোন কোম্পানী যদি কোন পণ্য ডিস্ট্রিবিউটর বা চুক্তিভুক্ত কোন ব্যক্তির নিকট খুচরা মূল্যের কম দামে বিক্রয় করে থাকে, সেক্ষেত্রে B x C এর উপর উৎসে কর কর্তন করতে হবে।<br>এখানে, B = বিক্রয় মূল্য, C = ৫% / ৫% |
| ১৫ | খালি জমি বা প্ল্যান্ট বা যন্ত্রপাতির ভাড়া | ধারা-৫৩জে | ৫% |
| ১৬ | সংবাদপত্র, সাময়িকী বা বেসরকারী টেলিভিশন, বেসরকারী রেডিও চ্যানেল বা ওয়েব সাইটে প্রচারিত বিজ্ঞাপন বিল | ধারা-৫৩কে | ৪% |
| | | | |
| ১৭ | লভ্যাংশ | ধারা-৫৪ | নিবাসী/অনিবাসী<br>ক) বাংলাদেশী কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য হারে:-<br>খ) বাংলাদেশী ব্যক্তির ক্ষেত্রে ঃ<br>১২ ডিজিট টিআইএন থাকিলে -----১০%<br>১২ ডিজিট টিআইএন না থাকিলে --১৫%<br>* কোন বাংলাদেশী নিবাসী/অনিবাসী কোম্পানীকে Taxed Dividend প্রদান করার ক্ষেত্রে 6th Schedule, Part-A, para-60 অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত হলে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না |

## উৎসে কর্তিত/সংগৃহীত কর জমার কোড

কোম্পানী শ্রেণীর করদাতার ক্ষেত্রে ঃ ১-১১৪১-০০২৫-০১০১

ব্যক্তি শ্রেণীর করদাতার ক্ষেত্রে ঃ ১-১১৪১-০০২৫-০১১১

অন্যান্য ফি সমূহ ঃ ১-১১৪১-০০২৫-১৮৭৬

## উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর সরকারী কোষাগারে জমা প্রদানের সময়সীমাঃ

বিধি ১৩ অনুযায়ী কর জমার সময়সীমা নিম্নরূপঃ

| ক্র: নং: | কর কর্তন বা সংগ্রহের সময়কাল | কর্তিত/সংগৃহীত কর সরকারী কোষাগারে জমা দেয়ার সময়সীমা |
|---|---|---|
| ০১। | জুলাই থেকে মে মাস পর্যন্ত | কর কর্তন বা সংগ্রহ সংশ্লিষ্ট মাস শেষ হওয়ার দুই সপ্তাহের মধ্যে |
| ০২। | জুন মাসের ১ থেকে ২০ তারিখ | কর কর্তন বা সংগ্রহের তারিখের পরবর্তী ৭ দিনের মধ্যে |
| ০৩। | জুন মাসের অবশিষ্ট দিনগুলি | কর কর্তন বা সংগ্রহের তারিখের পরবর্তী দিনে। তবে জুন মাসের শেষ ২ কর্মদিবসে কর্তিত/সংগৃহীত কর কর্তন/সংগ্রহের দিনেই। |

### উৎসে কর কর্তনে ও জমাদানে ব্যর্থতার ফলাফল:

উৎসে কর কর্তনে এবং জমাদানে ব্যর্থ কর্তৃপক্ষকে খেলাপী করদাতা (Assessee in default) হিসেবে বিবেচনা করা;

- ❖ মাসিক ২% হারে অতিরিক্ত পরিমানসহ ব্যর্থ কর্তৃপক্ষের নিকট হতে আদায়;
- ❖ ব্যর্থ প্রতিষ্ঠানের কর নির্ধারনের সময় কর্তনযোগ্য/সংগ্রহযোগ্য কর সংশ্লিষ্ট ব্যয় অনুমোদনযোগ্য খরচ (allowable expense) হিসেবে বিবেচনা না করা অর্থাৎ কর্তনযোগ্য/সংগ্রহযোগ্য করের সাথে সংশ্লিষ্ট ব্যয়কে উক্ত প্রতিষ্ঠানের করযোগ্য আয় হিসেবে গণ্যকরণ।
- ❖ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৬৪ ধারা মোতাবেক উৎসে কর কর্তনে ব্যর্থ খেলাপী কর্তৃপক্ষের বিরুদ্ধে ফৌজদারী মামলার বিধান রয়েছে।

### উৎসে কর কর্তনে বিধি ১৮ অনুযায়ী ধারা ৫৮ এর বিধানাবলীঃ

উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ (Person) প্রতি মাসে বিভিন্ন খাতে যে উৎস কর কর্তন বা আদায় করেন তার তথ্য আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ১৮ তে বর্ণিত বিবরণী অনুযায়ী আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার বিধান রয়েছে।

উল্লিখিত উৎস করের বিবরণী যথাসময়ে আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণের ব্যর্থতায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১২৪ অনুযায়ী জরিমানার বিধান নিম্নরুপঃ

- ❖ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৮ অনুযায়ী বিবরণী/তথ্য দাখিলে ব্যর্থতায় এককালীন জরিমানার পরিমাণ ৫০০০/- টাকা এবং ব্যর্থতা অব্যাহত থাকলে প্রত্যেক মাস বা মাসের ভগ্নাংশের জন্য ১০০০/- টাকা হারে জরিমানা।

## উৎসে আয়করের রিটার্ন দাখিল

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৭৫ এ অনুযায়ী উৎস করের রিটার্ন দাখিলের বিধান বিদ্যমান রয়েছে। কোম্পানী, সমবায় সমিতি এবং এনজিও ব্যুরোতে নিবন্ধিত প্রত্যেক এনজি ও এর জন্য উৎস করের রিটার্ন দাখিল বাধ্যতামূলক। কোম্পানী, সমবায় সমিতি এবং এনজিও এর কর নির্ধারণ (assessment) যে উপকর কমিশনারের/ইউনিটের অধিক্ষেত্রাধীন তার নিকট উৎস করের রিটার্ন দাখিল করতে হবে।

উৎস করের রিটার্ন বিধি দ্বারা নির্ধারিত ফরমে প্রযোজ্য সকল বিবরণ ও তথ্য সন্নিবেশ করে দাখিল করতে হবে। রিটার্নের সাথে প্রযোজ্য সকল তফসিল, বিবরণী, হিসাব, সংযোজনী এবং দলিলাদি দাখিল করতে হবে। কোম্পানীর ক্ষেত্রে প্রধান কর্মকর্তা এবং অন্যান্য ক্ষেত্রে উপযুক্ত ব্যক্তি রিটার্নে স্বাক্ষর ও সত্য-প্রতিপাদন করবেন।
প্রতি অর্থ বছরের জন্য দু'টি উৎস করের রিটার্ন দাখিল করতে হবে-

| ক্র: নং | উৎসে কর কর্তন/সংগ্রহের সময় | উৎসে কর রিটার্ন | রিটার্ন দাখিলের শেষ তারিখ |
|---|---|---|---|
| ১ | ১ জুলাই হতে ৩১ ডিসেম্বর | প্রথম রিটার্ন | একই অর্থ বছরের ৩১ জানুয়ারী |
| ২ | ১ জানুয়ারী হতে ৩০ জুন | দ্বিতীয় রিটার্ন | পরবর্তী অর্থ বছরের ৩১ জুলাই |

তবে, রিটার্ন দাখিলকারীর লিখিত আবেদনের প্রেক্ষিতে উপ কর কমিশনার রিটার্ন দাখিলের সময়সীমা ১৫ দিন পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন।
জাতীয় রাজস্ব বোর্ড সরকারী গেজেট নোটিফিকেশনের মাধ্যমে নির্দেশনা জারী করে-

১। এ ধারায় বর্ণিত উৎস কর রিটার্ন electronically বা অন্য কোন machine readable বা computer readable মাধ্যমে দাখিলযোগ্য হবে মর্মে বলে দিতে পারবে।

২। উক্ত electronic বা machine readable বা computer readable রিটার্ন কিরূপ ফরমে এবং কিভাবে দাখিল করা হবে তা নির্ধারণ করে দিতে পারবে।

এস, আর, ও নং ২৫৯-আইন/আয়কর/২০১৬, তারিখঃ ১০ আগষ্ট,২০১৬ এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ সংশোধন করে উৎসে করের নতুন রিটার্ন ফরম প্রবর্তন করা হয়েছে। নতুন প্রবর্তিত এই রিটার্ন অনুযায়ী উৎসে করের রিটার্ন দাখিল করতে হবে।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৭৫এএ অনুযায়ী উৎসে কর কর্তন/সংগ্রহের বিষয়ে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়। উল্লেখ্য নিরীক্ষা কার্যক্রমে এ বিষয়ে কোন ব্যত্যয়ের ক্ষেত্রে ১২৪ ধারায় জরিমানসহ ধারা ৫৭ এবং ৫৭এ অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণের বিধান রয়েছে।

## ১০৮ ধারার রিটার্ন দাখিল

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১০৮ অনুযায়ী সরকারী প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের বেতনভূক্ত আয় হতে কর প্রদান সংক্রান্ত রিটার্ন প্রতি বৎসরের ১ সেপ্টেম্বর এর পূর্বে নির্ধারিত ফরমে এবং নির্ধারিত পদ্ধতিতে রিটার্ন দেয়ার বাধ্যবাধকতা রয়েছে।

## ১০৮(এ) ধারার রিটার্ন দাখিল

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১০৮(এ) বিধান অনুযায়ী বেসরকারী নিয়োগকর্তার ব্যবসা/পেশায় কর্মরত বেতনভোগী সকল employee প্রত্যেক বছরের ১৫ এপ্রিল তারিখের মধ্যে তার নিয়োগকর্তার নিকট নিম্নবর্ণিত তথ্য প্রদান করবেন:-

(ক) টিআইএন;
(খ) রিটার্ন দাখিলের তারিখ;
(গ) রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্রে উল্লিখিত ক্রমিক নম্বর (যা কর অফিস হতে দেয়া হয়)।

যে সকল employee এর জন্য ১২-ডিজিট টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে সে সকল employee নিয়োগকর্তাকে এ তথ্যসমূহ জানাবেন।
নিজ নিজ employee এর রিটার্ন দাখিলের তথ্য প্রত্যেক নিয়োগকর্তা কর্তৃক বিধি ২৩এ নির্ধারিত বিবরণীর মাধ্যমে ৩০ এপ্রিল তারিখের মধ্যে কর অফিসকে অবহিত করতে হবে।

## ৭৫এ, ১০৮ এবং ১০৮(এ) ধারায় রিটার্ন দাখিল ব্যর্থতার ফলাফল:

- রিটার্ন দাখিলের ব্যর্থতায় ১২৪ ধারায় এককালীন জরিমানার পরিমাণ হবে সর্বশেষ নির্ধারিত করের ১০ শতাংশ অথবা পাঁচ হাজার টাকা-দু'য়ের মধ্যে যেটি বেশী সে অংক।
- এ ছাড়া, বর্ণিত রিটার্ন বা বিবরণী দাখিলে ব্যর্থতা অব্যাহত থাকলে প্রত্যেক মাস বা মাসের ভগ্নাংশের জন্য এক হাজার টাকা হারে জরিমানা আরোপযোগ্য হবে।

উল্লেখ্য ৮২ বিবি (৭) এর Proviso (c) এর বিধান অনুযায়ী ধারা ৭৫এ, ১০৮ এবং ১০৮(এ) বিধান পরিপালন না করলে ১৫ শতাংশ বেশি আয় প্রদর্শনের শর্ত পূরণ সত্ত্বেও কোন করদাতার সংশ্লিষ্ট কর বছরের আয়কর রিটার্ন অডিটের জন্য নির্বাচন করা যাবে।

উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে এ ইউনিটের নিম্নোক্ত ফোন নম্বর সমূহে যোগাযোগ করা যেতে পারে। ফোন: ৫৫১১২৪০৫, ৫৫১১২৪০৬, ৫৫১১২৪১০ ও ৫৫১১২৪১১।
কর অঞ্চল-৬, ঢাকা জাতীয় রাজস্বের স্বার্থে আপনার ঐকান্তিক সহযোগিতা কামনা করছে।

## e-TDS সফটওয়্যার

কর অঞ্চল-৬, ঢাকা এর উদ্যোগে কোম্পানীসমূহের উৎসে কর কর্তনের তথ্য সংগ্রহের জন্য Website ভিত্তিক একটি e-TDS সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। এর ব্যবহার বিধি নিম্নরূপঃ

১। কম্পিউটারে যে কোন ব্রাউজার open করে address bar এ www.taxeszone6.gov.bd লিখে enter করতে হবে।

২। কর অঞ্চল-৬, ঢাকা এর website দৃশ্যমান হবে। উক্ত website এর উপরের ‘e-Services’ menu এর ‘e-TDS’ sub-menu তে ক্লিক করতে হবে।

৩। e-TDS user login panel দৃশ্যমান হবে। ব্রাউজার এর address bar এ www.tds.taxeszone6.gov.bd লিখে enter করার মাধ্যমেও সরাসরি e-TDS user login panel এ প্রবেশ করা যাবে।

৪। উক্ত user login panel এ user id এবং password দিয়ে login করতে হবে। উল্লেখ্য যে, কোম্পানী সমূহের user id ও password সংশ্লিষ্ট সার্কেল অফিস হতে সংগ্রহ করতে হবে।

৫। login করার পর বাম দিকের ‘New Entry’ menu তে ক্লিক করতে হবে।

৬। Entry page এ উৎসে কর কর্তনের সংশিষ্ট ধারা, উৎসে কর্তিত কর জমাদানের ব্যাংকের নাম ও শাখা, চালান নম্বর, তারিখ এবং চালানের মাধ্যমে জমাকৃত উৎসে করের পরিমান সংযোজন করে নিচে check box এ ক্লিক করার পর submit button এ ক্লিক করে Entry সম্পন্ন করতে হবে।

৭। একটি Entry সম্পন্ন হলে পরবর্তী Entry করার জন্য পুনরায় ‘New Entry’ menu তে ক্লিক করতে হবে।

৮। বাম দিকের ‘Monthly Report’ menu তে ক্লিক করে Entry করা চালানের তথ্যাদি দেখা যাবে।

# RETURN OF WITHHOLDING TAXES

under section 75A of the Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984)

*1. The following schedules shall be integral part of the return-*
*Schedule 24AA, if tax withheld under section 52AA*
*Schedule 24AB, if tax withheld under section 56*
*Schedule 24AC, if tax withheld from certain sources.*

*2. First Return shall be filed by thirty first day of January of the financial year in which the deduction or collection was made;*
*Second Return shall be filed by the thirty first day of July of the next financial year following the year in which the deduction or collection was made.*

## PART I
## Basic information

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 01 | Return for the Financial Year<br>2 0 _ _ - _ _ | | | 02 | First Return | ☐ |
| | | | | | Second Return | ☐ |
| 03 | Name of the Person | | | | | |
| 04 | Type of the person (tick one) | | | | | |
| | 04A | A company | ☐ | 04B | A co-operative society | ☐ |
| | 04C | An NGO | ☐ | 04D | Other | ☐ |
| 05 | TIN | | | 06 | TCAN | |
| 07 | Circle | | | 08 | Zone | |
| 09 | Address | | | 10 | Phone(s) | |
| 11 | Fax | | | 12 | E-mail | |
| 13 | Main business (sector) | | | | | |

## PART II
## Particulars of tax withheld

| | |
|---|---|
| TIN | TCAN |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 15 | Sources and amount of tax withheld | | | | |
| | Sl | Sources | Section | No. of persons from which tax withheld | Amount of tax withheld ⊠ |
| | A | **Salaries** | 50 | | |
| | B | **Execution of a contract** | 52(1)(a) | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | C | **Supply of goods** | 52(1)(b) | | |
| | D | **Manufacture, process or conversion** | 52(1)(c) | | |
| | E | **Printing, packaging or binding** | 52(1)(d) | | |
| | F | **Deduction from payment of royalties etc.** | 52A | | |
| | G | **Deduction from the payment of services (attach Schedule 24AA)** | 52AA | | |
| | H | L/C commission | 52I | | |
| | I | Freight forward agency commission | 52M | | |
| | J | Payment to resident person against services provided to foreign person | 52Q | | |
| | K | Deduction of tax from the service of international gateway service in respect of phone call | 52R | | |
| | L | Deduction from payment on account of local letter of credit | 52U | | |
| | M | House/office rent | 53A | | |
| | N | Collection of tax from export of knit-wear and woven garments, etc | 53BB | | |
| | O | Collection of tax from export of any good except certain items | 53BBBB | | |
| | P | Payment to actor/actress | 53D | | |
| | Q | Payment as commission or discount for distribution of goods | 53E | | |
| | R | Interest on savings and fixed deposit | 53F | | |
| | S | Insurance commission | 53G | | |
| | T | Rental value of vacant land, plant or machinery | 53J | | |
| | U | Advertising bill of newspaper or magazine | 53K | | |
| | V | Deduction of tax from any sum paid by real estate developer to land owner | 53P | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | W | Dividends | 54 | | |
| | X | Deduction from payment to non-residents (attach Schedule 24AB) | 56 | | |
| | Y | Sources not mentioned above (Attach Schedule 24AC) | | | |

**PART III**
**Particulars of payment of tax withheld**
(attach proof of payments)

| TIN | TCAN |
|---|---|

| | | | |
|---|---|---|---|
| 16 | Payment of the tax withheld to the credit of the government | | |
| | 16A | Total amount withheld | ⊠ |
| | 16B | Total amount paid to the credit of the Government | ⊠ |
| | 16C | Excess or deficit of payment (if any) 16A-16B | ⊠ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 17 | Details of payment of the tax withheld to the credit of the government (add lines if necessary) | | | | |
| | Sl | Challan* No. | Date | Bank | Amount ⊠ |
| | (1) | | | | |
| | (2) | | | | |
| | (3) | | | | |
| | (4) | | | | |
| | (5) | | | | |
| | (6) | | | | |
| | (7) | | | | |
| | (8) | | | | |
| | (9) | | | | |
| | (10) | | | | |
| | (11) | | | | |
| | (12) | | | | |
| | 17A | Total payment to the credit of the government | | | |

*if payment is made in any other mode specified by the Board, provide information relevant to that mode.

## PART IV
Enclosures and Verification

| TIN | TCAN |
|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| 18 | Schedules annexed (tick all that are applicable) | 24AA ☐ | 24AB ☐ | 24AC ☐ |
| 19 | Other statements, documents, etc. attached (list all) | | | |

20 **Verification**

I solemnly declare that-

(a) to the best of my knowledge and belief the information given in this return and statements and documents annexed or attached herewith are correct and complete;

(b) I am signing this return in my capacity as - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - and I am competent to sign this return and verify it.

| | |
|---|---|
| Name | Signature |
| Designation | |
| Date of Signature (DD-MM-YYYY)<br>☐☐ ☐☐ 2 0 ☐☐ | Place of Signature |

For official use only

Return Submission Information

| Date of Submission (DD-MM-YYYY) | Tax Office Entry Number |
|---|---|
| ☐☐ ☐☐ 2 0 ☐☐ | ☐☐☐☐☐☐ |

National Board of Revenue
www.nbr.gov.bd

**Withholding**

**ACKNOWLEDGEMENT RECEIPT OF RETURN OF WITHHOLDING TAX**

| | |
|---|---|
| Return for the Financial Year<br>2 0 ☐☐ - ☐☐ | First Return ☐<br>Second Return ☐ |
| Name of the Person | |
| TIN | TCAN |

**Schedule 24AA**
**Particulars of tax withheld**
under section 52AA of the Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984)

| TIN | TCAN |
|---|---|
| Return for the Financial Year<br>2 0 _ _ - _ _ | First Return ☐<br>Second Return ☐ |

| Sl | Sources | No. of persons from which tax withheld | Amount of tax withhold ⊠ |
|---|---|---|---|
| 1 | Advisory or consultancy service | | |
| 2 | Professional service , technical services fee, or technical assistance fee | | |
| 3 | Catering service | | |
| 4 | Cleaning service | | |
| 5 | Collection and recovery agency | | |
| 6 | Management of events, training, workshops etc. | | |
| 7 | Private security service | | |
| 8 | Supply of manpower | | |
| 9 | Indenting commission | | |
| 10 | Meeting fees, training fees or honorarium | | |
| 11 | Mobile network operator, technical support service provider or service delivery agents engaged in mobile banking operations | | |
| 12 | Credit rating agency | | |
| 13 | Motor garage or workshop | | |
| 14 | Private container port or dockyard service | | |
| 15 | Shipping agency commission | | |
| 16 | Stevedoring/berth operation commission | | |
| 17 | Transport service, car rental | | |
| 18 | Any other services not mentioned above | | |
| Total | | | |

| Name | Signature & Date |
|---|---|

**Schedule 24AB**
**Particulars of tax withheld**
under section 56 of the Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984)

| | |
|---|---|
| TIN | TCAN |
| Return for the Financial Year<br>2 0 _ _ - _ _ | First Return ☐<br>Second Return ☐ |

| Sl | Sources | No. of persons from which tax withheld | Amount of tax withhold ⊠ |
|---|---|---|---|
| 1 | Advisory or consultancy service | | |
| 2 | Pre-shipment inspection service | | |
| 3 | Professional service, technical services, technical know-how or technical assistance | | |
| 4 | Architecture, interior design or landscape design, fashion design or process design | | |
| 5 | Certification, rating etc. | | |
| 6 | Charge or rent for satellite, airtime or frequency, rent for channel broadcast | | |
| 7 | Legal service | | |
| 8 | Management service including event management | | |
| 9 | Commission | | |
| 10 | Royalty, license fee or payments related to intangibles | | |
| 11 | Interest | | |
| 12 | Advertisement broadcasting | | |
| 13 | Advertisement making | | |
| 14 | Air transport or water transport | | |
| 15 | Contact or sub-contract | | |
| 16 | Supply | | |
| 17 | Capital gain | | |
| 18 | Insurance premium | | |
| 19 | Rental of machinery, equipment etc. | | |
| 20 | Dividend | | |

| | | | |
|---|---|---|---|
| 21 | Artist, singer or player | | |
| 22 | Salary or remuneration | | |
| 23 | Exploration or drilling in petroleum operations | | |
| 24 | Survey for oil or gas exploration | | |
| 25 | Any service for making connectivity between oil or gas field and its export point | | |
| 26 | Any payments against any services not mentioned above | | |
| 27 | Any other payments | | |
| Total | | | |

| Name | Signature & Date |
|---|---|
| | |

**Schedule 24AC**

Particulars of tax withheld under sources not mentioned in serial 15 (A-X) of Part II of the Withholding Tax Return

| TIN | TCAN | |
|---|---|---|
| Return for the Financial Year<br>2 0 __ __ - __ __ | First Return | ☐ |
| | Second Return | ☐ |

| Sl | Sources<br>(provide additional papers if more sources) | No. of persons from which tax is withheld | Amount of tax withhold ⊠ |
|---|---|---|---|
| 1 | | | |
| 2 | | | |
| 3 | | | |
| 4 | | | |
| 5 | | | |
| 6 | | | |
| 7 | | | |
| 8 | | | |
| -- | | | |
| -- | | | |
| Total | | | |

**website : www.taxeszone6.gov.bd**

কর কমিশনার
কর অঞ্চল-৬, ঢাকা।

সবাই মিলে দিব কর
দেশ হবে স্বনির্ভর

উদ্ভাবনে বাড়বে কর
দেশ হবে স্বনির্ভর

জাতীয় রাজস্ব বোর্ড

# কর অঞ্চল-৬ ঢাকা

আয়কর তথ্য ও সেবা কেন্দ্র ৫৫১১২৪০৬

## উৎসে কর্তিত/সংগৃহীত কর জমার একাউন্ট কোড

| কোম্পানী | কোম্পানী ব্যতিত | অন্যান্য ফি সমূহ |
|---|---|---|
| ১-১১৪১-০০২৫-০১০১ | ১-১১৪১-০০২৫-০১১১ | ১-১১৪১-০০২৫-১৮৭৬ |

**আয়কর সংক্রান্ত যেকোন প্রকার তথ্য ও পরামর্শের জন্য**

উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
টেলিফোন ঃ ৫৫১১২৪০৫

উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রায়োগিক)
টেলিফোন ঃ ৫৫১১২৪০৬

সহকারী প্রোগ্রামার
টেলিফোন ঃ ৫৫১১২৪০৮

২০৯/এ, বি শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, পুরানা পল্টন, ঢাকা।
ফোন : ৫৫১১২৪০৫, ৫৫১১২৪০৬
ওয়েবসাইট : www.taxeszone6.gov.bd
ই-মেইল : info.tz6d@gmail.com